



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/যশোর-২২৫/৬১

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮
০৪ অক্টোবর ২০২১


বিষয় : গভার্ণিং বডি'র সভাপতি মনোনয়ন কেন বাতিল করা হবে না তার জবাব প্রদান প্রসঙ্গে

সূত্র : (১) মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ শাহীন চাকলাদার, এমপি মহোদয়ের ডি.ও নং-৮৪; তারিখ: ০৭/০৮/২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বগা শাহ কারারীয়া আলিম মাদ্রাসার চলমান গভার্ণিং বডি'র সভাপতি জনাব মোঃ আলতাফ হোসেন এর পরিবর্তে জনাব মোঃ মশিয়ুর রহমান, পিতা-মৃত তোফাজ্জেল মোড়ল-কে সভাপতি মনোনয়ন প্রদানের জন্য সূত্রোক্ত স্মারকে যশোর-৬ (কেশবপুর উপজেলা) আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ শাহীন চাকলাদার ডিও লেটারে অভিপ্রায় ব্যক্ত করেছেন। তিনি মাদ্রাসার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করলে মানসম্মত ইসলামী শিক্ষা বিস্তারে মাদ্রাসাটি অধিকতর প্রভাব রাখতে পারবে মর্মে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় স্থানীয় মাননীয় সংসদ সদস্যের ডিও লেটারে অভিপ্রায়ের প্রেক্ষিতে কেন চলমান গভার্ণিং বডি'র সভাপতি জনাব মোঃ আলতাফ হোসেন এর পরিবর্তে জনাব মোঃ মশিয়ুর রহমান, পিতা-মৃত তোফাজ্জেল মোড়ল-কে সভাপতি মনোনয়ন প্রদান করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


০৪.১০.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


- ১। সভাপতি, গভার্ণিং বডি
বগা শাহ কারারীয়া আলিম মাদ্রাসা, কেশবপুর, যশোর
- ✓ ২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
বগা শাহ কারারীয়া আলিম মাদ্রাসা, কেশবপুর, যশোর।

নং-বামাশিবো/প্রশা/যশোর-২২৫/৬১

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮
০৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, যশোর;
২. জেলা শিক্ষা অফিসার, যশোর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর;
৫. সদস্যবৃন্দ, গভার্ণিং বডি, বগা শাহ কারারীয়া আলিম মাদ্রাসা, কেশবপুর, যশোর;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


০৪/১০/২১

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

০৪/১০/২১



বাংলাদেশ জাতীয় সংসদ
BANGLADESH PARLIAMENT

ডি. ও নং- ৮৪

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর

ডায়েরী নং	৫৭২
তারিখ	
রেজিস্ট্রার	
পরীক্ষা নিয়ন্ত্রক	
পরিদর্শক	
কারিকুলাম/ বিষয়	
উপ-রেজিস্ট্রার প্রশাসন/কমন	
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সনদ	
আইসিটি সেন্স/কম্পিউটার কেন্দ্র	
শাঃ শিঃ	
জরুরী আবেদন/ব্যবস্থা দিন	
	চেয়ারম্যান



মোঃ শাহীন চাকলাদার, এমপি
৯০ যশোর-৬ (কেশবপুর উপজেলা)
সদস্য, পরিবেশ, বন ও জলবায়ু মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি
বাংলাদেশ জাতীয় সংসদ
সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, যশোর জেলা শাখা

তারিখঃ ০৭/০৮/২০২১

প্রিয় চেয়ারম্যান,

আসসালামু আলাইকুম। আন্তরিক শুভেচ্ছা নিবেন। আমার নির্বাচনী এলাকা ৯০ যশোর-৬ কেশবপুর উপজেলা। কেশবপুর উপজেলার দক্ষিণে যশোর ও সাতক্ষীরা জেলার সীমানায় এক মনোরম পরিবেশে বগা শাহকারারীয়া সিনিয়র(আলিম) মাদরাসা কেশবপুর যশোর অবস্থিত। ইসলামী শিক্ষা বিস্তারে এই অঞ্চলে মাদরাসাটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। মাদরাসার গভর্নিং বডি'র বর্তমান সভাপতি মোঃ আলতাফ হোসেন, পিতা-মৃত সানা উল্লাহ, গ্রাম-বুড়িহাটি, উপজেলা-কেশবপুর, জেলা যশোর এর পরিবর্তে তদস্থলে মোঃ মশিয়ার রহমান, বি.এ অনার্স, এম.এ, পিতা-মৃত তোফাজ্জেল মোড়ল, গ্রাম-রেজাকাটি, ডাক-শুড়িঘাটা বাজার, উপজেলা-কেশবপুর, জেলা-যশোর কে সভাপতি পদে মনোনিত করার অভিপ্রায় ব্যক্ত করছি। তিনি একজন শিক্ষানুরাগী, বিশিষ্ট সমাজসেবক ও ধর্মানুরাগী ব্যক্তি। তিনি মাদরাসার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করলে মানসম্মত ইসলামী শিক্ষা বিস্তারে মাদরাসাটি অধিকতর প্রভাব রাখতে পারবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।


এমতাবস্থায় জনাব মশিয়ার রহমান, বি.এ অনার্স, এম.এ, পিতা-মৃত তোফাজ্জেল মোড়ল, গ্রাম-রেজাকাটি, ডাক-শুড়িঘাটা বাজার, উপজেলা-কেশবপুর, জেলা-যশোর কে বগা শাহকারারীয়া সিনিয়র(আলিম) মাদরাসা কেশবপুর যশোরের গভর্নিং বডি'র সভাপতি হিসেবে মনোনয়ন প্রদানের জন্য আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি

শুভেচ্ছান্তে,

চেয়ারম্যান

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
বখশী বাজার, ঢাকা।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর
ডায়েরী নং- ২৭
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
প্রকাশনা নিয়ন্ত্রক
উপ-রেজিস্ট্রার প্রশাসন / কমন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক গোপ./ পরীক্ষা
হিসাব রক্ষণ কর্মকর্তা
আইসিটি/ কম্পিউটার কেন্দ্র
উপ-সহকারী প্রকৌশলী
রেজিস্ট্রার


(মোঃ শাহীন চাকলাদার)
০৭/০৮/২১

সংসদ সদস্য

৯০ যশোর-৬

বাংলাদেশ জাতীয় সংসদ

মোঃ শাহীন চাকলাদার
সংসদ সদস্য
৯০ যশোর-৬
বাংলাদেশ জাতীয় সংসদ

বর্তমান ঠিকানা: বাড়ি নং-বি১৬৯, রোড নং- ২০, মহাখালী ডি.ও.এইচ.এস. ঢাকা-১২০৬